



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

বিষয়: “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন)

তারিখ : ১৩ এপ্রিল ২০২৩

সময় : সকাল ১১.০০ ঘটিকা


স্থান : কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষ

উপস্থিত সদস্য : কমিটির সকল সদস্যবৃন্দ।

কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে গত ১৩ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য বিষয়াদি ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণকারী
(১)	(২)	(৩)	(৪)
০১।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে আরডিডি মৌলভীবাজার এর আওতাধীন আবিকা সমূহের সমন্বয়ে সভার আয়োজন।	“কোম্পানির গ্রাহক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) কার্যক্রম নং- [১.৩] মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (মৌলভীবাজার, শ্রীমঙ্গল, কুলাউড়া, ও বড়লেখা সাইট অফিস) এর সমন্বয় চলতি ত্রৈমাসিক-এ চতুর্থ সভা আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি ও উপ-মহাব্যবস্থাপক (আরডিডি মৌলভীবাজার)।
০২।	“সেবা প্রদান প্রতিশ্রুতি” বিষয়ক ২য় প্রশিক্ষণের আয়োজন।	দ্বিতীয় প্রশিক্ষণ সম্পন্নের নিমিত্তে প্রশাসন বিভাগকে পুনরায় বলে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব এবং ট্রেনিং শাখা।
০৩।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” হালনাগাদ করণ।	কোম্পানির সিটিজেন চার্টারের অন্তর্ভুক্ত যেসকল দায়িত্ব প্রাপ্ত ও উর্ধ্বতন কর্মকর্তার চলতি ত্রৈমাসিকে পরিবর্তন হয়েছে/হবে তা হালনাগাদ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এক্ষেপিতে, “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” চতুর্থ ত্রৈমাসিক-এ হালনাগাদ করা ও ওয়েবসাইটে প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব এবং ব্যবস্থাপক আইটি শাখা।
০৪।	২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ক কমিটি পুনর্গঠনের নথি উপস্থাপন।	২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ক কমিটি পুনর্গঠনের নথি উপস্থাপন করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব এবং প্রশাসন ডিভিশন।

সভা চলাকালীন ৩য় ত্রৈমাসিক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন হয়েছে বলে সভায় উপস্থিত সকলকে অভিনন্দন করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন)
মহাব্যবস্থাপক (অপারেশন)
ও আহবায়ক

বিতরণঃ

১। মহাব্যবস্থাপক(বিপণন-দক্ষিণ / প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। দপ্তর নথি।